# কারিগরি শিক্ষার বিকল্প নেই

**নিজস্ব প্রতিবেদক**
০২ আগস্ট ২০২৬, ১২:০০ এএম



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, উন্নত বাংলাদেশ গড়তে কারিগরি শিক্ষার বিকল্প নেই। কারিগরি শিক্ষা সম্প্রসারণ ও নতুন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল ঢাকা সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণে ‘ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থান স্মরণ সভা ও সৃজনশীল শিক্ষার্থী সম্মাননা’ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী জানান, সরকার আরও ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। জুলাই গণ-অভ্যুত্থান প্রসঙ্গে ড. আ ন ম এহছানুল হক মিলন বলেন, ফ্যাসিস্ট দল আওয়ামী লীগ দেশকে ধ্বংসের পথে ঠেলে দিতে চেয়েছিল। কিন্তু জুলাই-আগস্টে নবপ্রজন্মের সাহসী ভূমিকা সেই পরিস্থিতি বদলে দেয়। শত শহীদের আত্মত্যাগের মধ্য দিয়ে দেশ নতুন পথের সন্ধান পেয়েছে।

ঢাকা সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ মো. মুস্তাফিজুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে সংসদ সদস্য সানজিদা ইসলাম তুলি, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবুল খায়ের মো. আক্কাস আলী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রকৌশলী মো. রুহুল আমিন এবং বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সভাপতি মো. রাকিবুল ইসলাম রাকিবসহ শিক্ষা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।